

## হাদীস সম্ভার

হাদিস নম্বরঃ ৩০৪৯

২৭/ আদব

পরিচ্ছেদঃ অনাথ-এতীম, কন্যা-সন্তান ও সমস্ত দুর্বল ও দরিদ্রের সঙ্গে নম্রতা, তাদের প্রতি দয়া ও তাদের সঙ্গে বিনম্র ব্যবহার করার গুরুত্ব

আরবী

وَعَنْهُ عَنِ النَّبِيِّ ﷺ قَالَ شَرُّ الطَّعَامِ طَعَامُ الْوَالِيْمَةِ يُمْنَعُهَا مَنْ يَأْتِيهَا وَيُدْعَى إِلَيْهَا مَنْ يَأْبَاهَا وَمَنْ لَمْ يُجِبِ الدَّعْوَةَ فَقَدْ عَصَى اللَّهَ وَرَسُولَهُ رَوَاهُ مُسْلِمٌ وَفِي رِوَايَةٍ فِي الصَّحِيحَيْنِ : عَنْ أَبِي هُرَيْرَةَ مِنْ قَوْلِهِ بَسُّ الطَّعَامِ طَعَامُ الْوَالِيْمَةِ يُدْعَى إِلَيْهَا الْأَغْنِيَاءُ وَيُتْرَكُ الْفُقَرَاءُ

বাংলা

(৩০৪৯) উক্ত রাবী (রাঃ) হতেই বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, সবচেয়ে নিকৃষ্ট খাবার ঐ অলীমার খাবার, যাতে যে (স্বয়ং) আসে তাকে (অর্থাৎ, মিসকীনকে) বাধা দেওয়া হয় এবং যাকে আহবান করা হয় সে (অর্থাৎ, ধনী) আসতে অস্বীকার করে। আর যে ব্যক্তি দাওয়াত গ্রহণ করল না, সে আল্লাহ ও তাঁর রসূলের নাফরমানী করল। (মুসলিম ৩৫৯৮)

বুখারী-মুসলিমের অন্য এক বর্ণনায় রয়েছে যে, আবু হুরাইরা (রাঃ) বলতেন, 'অলীমার খাবার নিকৃষ্টতম খাবার, যাতে বিত্তশালীদেরকে ডাকা হয় এবং দরিদ্রদেরকে ছেড়ে দেওয়া হয়।' (বুখারী ৫১৭৭, মুসলিম ৩৫৯৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=66797>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন